

**বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯**

**২.১ পরিচিতি**

দেশের সকল জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পর্যন্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, সমন্বয় সাধন ও টেকসই উন্নয়নের মাধ্যমে জনগণের দোরগোড়ায় ইলেক্ট্রনিক পদ্ধতিতে সেবা পৌঁছে দিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গঠিত হয়।

প্রশাসনিক বিভাগ	:	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
মন্ত্রণালয়	:	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
প্রতিষ্ঠার তারিখ	:	৩১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ
কার্যক্রম শুরু	:	জানুয়ারী ২০১৪ খ্রিস্টাব্দ

**২.১.১ রূপকল্প (Vision)**

জ্ঞানভিত্তিক অর্থনীতি, সুশাসন প্রতিষ্ঠায় তথ্যপ্রযুক্তির ব্যবহার।

**২.১.২ অভিলক্ষ্য (Mission)**


তথ্যপ্রযুক্তি খাতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অবকাঠামো উন্নয়ন, দক্ষ মানব সম্পদ গঠন, শোভন কাজ সৃজন এবং ই-সার্ভিস প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা।

**২.১.৩ কার্যাবলী**

- সরকারি দপ্তরে ই-গভর্নেন্স কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান;
- সরকারে সকল পর্যায়ে আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধন;
- মাঠ পর্যায় পর্যন্ত সকল দপ্তরে আইসিটি'র উপযুক্ত অবকাঠামো সৃষ্টিতে কারিগরি সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সাপোর্ট প্রদান;
- সকল পর্যায়ে তথ্যপ্রযুক্তি কারিগরি ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর;
- তথ্যপ্রযুক্তি-সংশ্লিষ্ট জনবলের সমতা উন্নয়নে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ;
- আইসিটি-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার, কানেক্টিভিটি, স্ট্যান্ডার্ড ও ইন্টার-অপারেবিলিটি নিশ্চিতকরণ;
- সকল পর্যায়ে আধুনিক প্রযুক্তি আত্মীয়করণে গবেষণা, উন্নয়ন ও সহায়তা প্রদান;
- আইসিটি শিক্ষা ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে উদ্বুদ্ধকরণে সহায়তাকরণ;
- তথ্যপ্রযুক্তি খাতে ব্যবসা উন্নয়নে ক্ষেত্রে প্রতিবন্ধকতা ও চ্যালেঞ্জ শনাক্তকরণের মাধ্যমে তথ্যপ্রযুক্তি খাতে ব্যবসা উন্নয়নে সহায়তাকরণ;
- আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ উন্নয়ন;
- মাঠ পর্যায়ে বিশেষত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তাকরণ;
- মাঠ পর্যায়ে সকল সরকারি দপ্তরে ওয়েবপোর্টাল ও নেটওয়ার্ক সংরক্ষণ এবং রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তা প্রদান; এবং
- জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ইতোমধ্যে স্থাপিত ডিজিটাল সেন্টারসমূহে যথাযথ তথ্য সরবরাহ, সংরক্ষণ, হালনাগাদকরণ, ওয়েবপোর্টাল চালু রাখতে সহায়তাকরণ।

**২.১.৪ প্রশাসনিক কাঠামো/ সাংগঠনিক কাঠামো**





**৩৩ ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পনের সার-সংক্ষেপ**

ক্রমিক	পদেরনাম	যেত	পদসংখ্যা		মোট পদসংখ্যা
			বর্তমান পদ	মুঠ পদ	
১	১. মন্ত্রণালয় সচিব - সংক্ষেপ	১	১	০	১
২	২. অতিরিক্ত সচিব/সচিব	৩	১	০	১
৩	৩. সিনিয়র সচিব	৩	১	০	১
৪	৪. উপ-সচিব	৪	১	০	১
৫	৫. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
৬	৬. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
৭	৭. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
৮	৮. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
৯	৯. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১০	১০. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১১	১১. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১২	১২. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১৩	১৩. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১৪	১৪. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১৫	১৫. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১৬	১৬. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১৭	১৭. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১৮	১৮. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
১৯	১৯. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২০	২০. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২১	২১. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২২	২২. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২৩	২৩. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২৪	২৪. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২৫	২৫. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২৬	২৬. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২৭	২৭. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২৮	২৮. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
২৯	২৯. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩
৩০	৩০. সেক্টর ইঞ্জিনিয়ার/সচিব	৬	৩	০	৩

**অফিস সরঞ্জামাদি**

ক্রমিক	প্রতিষ্ঠানের বিবরণ	সি&সি	সংখ্যা	এয়ার কন্ডিশনার (পারামিটার)	কম্পিউটার/সিপিইউ/প্রিন্টার/স্ক্যানার	মাসি/নিউন
১.	সরকারি দপ্তর	১	১	১	১	১
২.	কেন্দ্র কার্যালয় (৬৪ টি)	১	১	১	১	১
৩.	উপকেন্দ্র কার্যালয় (৬৮৮ টি)	১	১	১	১	১

**প্রাথমিক যানবাহন এবং অফিস সরঞ্জামাদির (TO&E) বিবরণ**

ক্রমিক	যানবাহন	বিবরণ
১.	সরকারি	সরকারি
২.	সরকারি	সরকারি
৩.	সরকারি	সরকারি

### ২.১.৫ জনবল (অনুমোদিত, কর্মরত ও শূন্যপদ)

অনুমোদিত জনবল				বিদ্যমান জনবল				শূন্য পদের বিবরণ				সর্বমোট জনবল		
১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি	অনুমোদিত	কর্মরত	শূন্য
৬৪০	৪	৬৪২	৫৮২	৪৯৪	১	৭৪	২২	১৪৬	৩	৫৬৮	৫৬০	১৮৬৮	৫৯১	১২৭৭

### ২.১.৬ ২০১৮-২০১৯ অর্থ বছরে বাজেট বরাদ্দ ও ব্যয় :(উন্নয়ন ও অনুন্নয়ন)

বিবরণ	২০১৮-২০১৯ অর্থ বছরে বরাদ্দ (কোটি টাকায়)	২০১৮-২০১৯ অর্থ বছরে ব্যয় (কোটি টাকায়)	ব্যয়ের হার
অনুন্নয়ন	৪৭.২০১৭	৩৭.১২২৭	৭৮.৬৫%
উন্নয়ন	১২০.৩৬১৪	৭৭.৯২৬৭	৬৪.৭৪%

### ২.১.৭ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০১৮-১৯)

স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি ও সম্পদের যথাযথ ব্যবহার এবং প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে সরকার কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করেছে। এরই ধারাবাহিকতায় গত ১১/০৬/২০১৮ খ্রি. তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব এর সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ স্বাক্ষর করেন। এছাড়া গত ২৭/০৫/২০১৮খ্রি. তারিখে মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং অধিদপ্তরের মাঠ পর্যায়ে (৬৪ জেলা) কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তাগণ এর মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। অত্র কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ০৫টি কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ২১টি কার্যক্রম এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ২০টি কার্যক্রম গ্রহণ করা হয়। এ অধিদপ্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর নির্ধারিত লক্ষ্যমাত্রার ৯৯% অর্জন করতে সক্ষম হয়েছে। আইসিটি অধিদপ্তরের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

ক্র. নং.	কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রম
১.	ই-গভর্ন্যান্স প্রতিষ্ঠায় সহায়তা	০৭ টি
২.	জেন্ডার ইকোয়ালিটি নিশ্চিতকরণ ও সক্ষমতা বৃদ্ধিকরণ	০৩ টি
৩.	আইসিটি ব্যবহারে জনসচেতনতা বৃদ্ধিকরণ	০৫ টি
৪.	মানব সম্পদ উন্নয়ন	০৩ টি
৫.	প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	০৩ টি
কৌশলগত উদ্দেশ্যের মোট কার্যক্রম		২১ টি
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মোট কার্যক্রম		২০ টি

### ২.১.৮ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উল্লেখযোগ্য অর্জন (২০১৮-১৯)

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
সরকারি দপ্তরে দক্ষতা, দূত সিদ্ধান্ত ও ইলেকট্রনিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ	৫০০০ জন	৯৭০৫ জন
নারীদের আইটি সেবা প্রদানকারী (Women IT service provider) তৈরী করার লেভেল-১ (৩ মাসের প্রশিক্ষণ) সম্পন্ন করণ	১৫০০ জন	৪০০০ জন
নারীদের আইটি সেবা প্রদানকারী (Women IT service provider) তৈরী করার লেভেল-১ সম্পন্নকারীদের দুই মাসের ইন্টার্নশিপ প্রদান	১০০০ জন	৩২০০ জন
নারীদের ফ্রিল্যান্সার থেকে উদ্যোক্তা (Women freelancer to entrepreneur) হিসাবে গড়ে তোলাতে লেভেল-১ (৩ মাসের প্রশিক্ষণ) সম্পন্ন করণ	১০০০ জন	৪০০০ জন
নারীদের ফ্রিল্যান্সার থেকে উদ্যোক্তা (Women freelancer to entrepreneur) হিসাবে গড়ে তোলাতে লেভেল-১ সম্পন্নকারীদের দুই মাসের ইন্টার্নশিপ প্রদান	৫০০ জন	৩২০০ জন
নারীদের কল সেন্টার এজেন্ট (Women Call Center Agent) তৈরী করার লেভেল-১ (৩ মাসের প্রশিক্ষণ) সম্পন্ন করণ	১০০০ জন	১৯১৫ জন
নারীদের কল সেন্টার এজেন্ট (Women Call Center Agent) তৈরী করার	৫০০ জন	১৫৩২ জন

লেভেল-১ সম্পন্নকারীদের দুই মাসের ইন্টারশিপ প্রদান		
সারাদেশ ব্যাপী ডিজিটাল বাংলাদেশ দিবস উদযাপন	১২ ডিসেম্বর ২০১৮	১২ ডিসেম্বর ২০১৮
জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সভা/ সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন	৬টি	১৪টি
জেলা ও উপজেলায় উন্নয়ন মেলা আয়োজন	৩১ জানুয়ারী ২০১৯	৪-৬ অক্টোবর ২০১৮
শেখ রাসেল ডিজিটাল ল্যাভ ব্যবহারে শিক্ষক/ ছাত্রদেরকে উদ্বুদ্ধকরণ বিষয়ক সভা/সেমিনার	৬৪টি	৬৪টি
মাঠপর্যায়ের কার্যক্রম তদারকীতে ভিডিও কনফারেন্স	১৬টি	১৮টি
ত্রৈমাসিক নিউজ লেটার প্রকাশনা	৪টি	৪টি
সরকারি বিভিন্ন দপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের / কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ICT বিষয়ক প্রশিক্ষণ প্রদান	২০০ জন	২৭০ জন
শেখ রাসেল ডিজিটাল ল্যাভে মাধ্যমে যুবসমাজের কর্মসংস্থানের জন্য আউটসোর্সিং/ ফিল্যান্সিং প্রশিক্ষণ প্রদান	২০০ জন	২৫০ জন
ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	৮০%	১০০%
দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা (বি.দ্র.: ৪,১৬১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাভ/ ক্লাসরুম এর তালিকা সম্বলিত একটি ওয়েবসাইট ও মোবাইল Apps তৈরি করা হয়েছে।)	১০ জানুয়ারি, ২০১৯	০৮ জানুয়ারি, ২০১৯



চিত্র-১: ১১ জুন, ২০১৮ আইসিটি বিভাগের সাথে এ দপ্তরের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠান



**চিত্র-২: ২৭/০৫/২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং ৬৪ জেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারের মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

### ২.১.৯ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০১৮-১৯ সালের কর্মপরিকল্পনা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত সকল নির্দেশিকাসমূহ অনুসরণ করে গত ১১/০৭/২০১৮খ্রি. তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। এছাড়া গত ০৫/০৭/২০১৮খ্রি. তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠ পর্যায়ে কার্যালয়সমূহের (৬৪ জেলা) ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। এ অধিদপ্তর ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রার ৯৯% অর্জন করতে সক্ষম হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
নৈতিকতা কমিটির সভা	৪	৪
নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	১০০%	১০০%
উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	১৫ মার্চ ২০১৯	২ জানুয়ারি ২০১৯
কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন।	১০০ জন	১৫০ জন
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	১০০ জন	১৮০জন
তথ্য অধিকার আইন, ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ	৩১ মার্চ ২০১৯	২৮ মার্চ ২০১৯
ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন	৫০%	৬২%
দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন	৪টি	২২টি
শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান	১৫ মে, ২০১৯	০৯ মে, ২০১৯

শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	২ লক্ষ	২ লক্ষ চৌত্রিশ হাজার দুইশত
আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন	(প্রণয়নের পূর্বেই অর্জিত হয়েছে)	২৮ মে, ২০১৮

### ২.১.১০ শুদ্ধাচার পুরস্কার ২০১৮-১৯ প্রদান:

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ৬ এপ্রিল ২০১৭খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.১০৪ সংখ্যক স্মারকে প্রকাশিত ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ১৩ মার্চ ২০১৮খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ সংখ্যক স্মারকে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কে স্পষ্টীকরণ পরিপত্রের নির্দেশনা অনুযায়ী অধিদপ্তরের গঠিত শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়সমূহ থেকে নিম্নে বর্ণিত কর্মকর্তাগণকে ২০১৮-১৯ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করে গত ০৯ মে ২০১৯খ্রি. তারিখে সংখ্যক ৫৬.০৪.০০০০.০০৩.১৮.০১৩.১৫-২০৮ স্মারকে প্রজ্ঞাপন জারি করা হয়:

ক্রমিক	নাম, পদবি ও গ্রেড	কর্মস্থল	প্রাপ্ত মোট নম্বর	পুরস্কারের মান
১	মিজ ইয়াসমিন আক্তার সহকারী প্রোগ্রামার (গ্রেড- ৯)	পরিকল্পনা ও উন্নয়ন শাখা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়	৯০	সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান
২	জনাব শরিফুল ইসলাম সহকারী প্রোগ্রামার (গ্রেড- ৯)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ	৯০	সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান
৩	জনাব মোঃ শরীফুল ইসলাম সহকারী পরিচালক (গ্রেড - ৯)	অর্থ শাখা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়	৮৭	সার্টিফিকেট
৪	জনাব সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (গ্রেড -৯)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ধামরাই, ঢাকা (সংযুক্তঃ প্রশাসন শাখা, প্রধান কার্যালয়)	৮৫	সার্টিফিকেট
৫	জনাব মোঃ শরিফুল ইসলাম সহকারী প্রোগ্রামার (গ্রেড -৯)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা	৮৫	সার্টিফিকেট
৬	জনাব এফ, এম, নূর-উজ-জামান সহকারী প্রোগ্রামার (গ্রেড -৯)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ	৮৪	সার্টিফিকেট

## ২.২ প্রকল্প/কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

### ২.২.১ প্রকল্পের পরিচিতি

নাম	“সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্প (বর্তমানে প্রকল্পটি ৩য় সংশোধিত)	
মেয়াদ	জুন ২০১৫ - জুন ২০১৯	
প্রাক্কলিত ব্যয়	আয়ের উৎস	পরিমাণ
	জিওবি	৩৯৭.৭৭৭৫ কোটি টাকা



শেখ হাসিনার ১০ তম জন্মদিবস উপলক্ষে ২০১৬ সালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্পের কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে প্রদান ও বিতরণ করা হয়েছে।

চিত্র - ৩:

#### i. লক্ষ্য ও উদ্দেশ্য

- সকল বিভাগের শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষায়িত কম্পিউটার/ডিজিটাল ল্যাব স্থাপনের মাধ্যমে কম্পিউটার শিক্ষা বিস্তার, কর্মসংস্থানের সুযোগ, চাকরির দক্ষতা এবং ভাষার দক্ষতা বৃদ্ধি স্বাধীন করা;
- নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবসমূহে ইন্টারনেট সংযোগ প্রদান ও স্থানীয় সাইবার কেন্দ্র/ আইসিটি ক্লাব প্রতিষ্ঠা করা;
- রাষ্ট্রীয় কম্পিউটার সেবার মাধ্যমে পিএসসি/পিইসিই (PSC/PECE), জেএসসি (JSC), এসএসসি (SSC) এবং এইচএসসি (HSC) পর্যায়ে মাল্টিমিডিয়া শিক্ষায় উন্নয়ন ও উৎসাহ প্রদান;
- ভাষা নির্ভর ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং এবং অন্যান্য চাকরির যোগ্যতা ও দক্ষতা উন্নয়নে তথ্যপ্রযুক্তি সহায়ক ভাষা শিক্ষার সুযোগ সৃষ্টি;
- ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে সকল বিভাগের শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষায়িত কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন; এবং
- ৬৫টি ভাষা ল্যাব প্রতিষ্ঠা করে ৯ টি ভাষা; ইংরেজি (আমেরিকান/ব্রিটিশ/অস্ট্রেলিয়ান) চীনা, কোরিয়ান, জাপানিজ, ফরাসি, স্প্যানিশ, জার্মান, আরবি ও রুশ ভাষার উপর প্রশিক্ষণ সফটওয়্যার ও কনটেন্ট তৈরি করে ল্যাবে সরবরাহ করা এবং বর্ণিত ৯টি ভাষার উপর ১০২৪ জন শিক্ষক/শিক্ষিকাগণকে মাস্টার ট্রেইনার হিসেবে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

#### ii. উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি

- সারাদেশে বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে সুসজ্জিত ও উচ্চগতির ইন্টারনেট সুবিধাসম্পন্ন ৪১৭৬টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন ( ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাব, সৌদিআরবে অবস্থিত বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলসমূহে ১৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন এবং ১৬০টি প্রাথমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম স্থাপনসহ);
- অতি গুরুত্বপূর্ণ ৯টি বিদেশী ভাষার (ইংরেজি, জাপানিজ, কোরিয়ান, রাশিয়ান, আরবি, ফরাসি, চাইনিজ, জার্মানী, স্প্যানিশ) উপর প্রশিক্ষণের নিমিত্ত ভাষাগুরু সফটওয়্যার তৈরি;
- সারাদেশ থেকে নির্বাচিত ১০২৪ জন কে সিএসই বিভাগ (বুয়েট) এর মাধ্যমে ভাষাগুরু সফটওয়্যার ব্যবহার করে ব্যাচভিত্তিক ভাষা প্রশিক্ষণ প্রদান;
- শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ব্যবহার করে ১০০০ শিক্ষককে Centre for Research and Information (সিআরআই) এর মাধ্যমে বেসিক আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- সারাদেশে ৭০০০ ছাত্র/ছাত্রীদেরকে মাইক্রোসফট অফিসের উপর প্রশিক্ষণ প্রদান; এবং
- শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ব্যবহার করে “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” প্রকল্পের মাধ্যমে ১০৫০০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান।



## ২.২.২ প্রকল্পের পরিচিতি

নাম	প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (She Power Project: Sustainable Development for Women Through ICT) প্রকল্প	
মেয়াদ	জুলাই ২০১৭ - জুন ২০১৯	
প্রাক্কলিত ব্যয়	আয়ের উৎস	পরিমাণ
	জিওবি	৳১.৮৯৫৪ কোটি টাকা

### i. লক্ষ্য ও উদ্দেশ্য

- আইসিটির মাধ্যমে নারীর ক্ষমতায়নের গুরুত্ব সম্পর্কে দেশব্যাপী সচেতনতা বৃদ্ধি করা;
- আইসিটির ইকো-সিস্টেম নারীদের অংশ গ্রহণ এবং সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে তাদের কর্মসংস্থান বৃদ্ধি করা; এবং
- আইসিটির মাধ্যমে নারীদের স্ব-কর্মসংস্থান এবং উদ্যোক্তা হিসাবে তৈরী করা ইত্যাদি।

### ii. উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি

- ২১টি বৃহত্তর জেলার ২১টি সদর উপজেলায় Freelancer to Entrepreneur, IT Service Provider এবং Women Call Centre Agent এ তিন ক্যাটাগরিতে ৫০০জন করে সর্বমোট ১০,৫০০ জন নারীরকে প্রশিক্ষণ এবং ইন্টার্নশীপ কার্যক্রম বাস্তবায়ন;
- তিন লেভেলের ৮ মাস ১২ দিন ব্যাপী এ প্রশিক্ষণ ও ইন্টার্নশীপ গত ৩০ জুন, ২০১৯ তারিখে সম্পন্ন হয়েছে;
- তিনটি লেভেলের ১ম লেভেলে ৩ মাস প্রশিক্ষণ ও ২ মাস ইন্টার্নশীপ, ২য় লেভেলে ১ মাস প্রশিক্ষণ, ২ মাস ইন্টার্নশীপ এবং ৩য় লেভেলে ১২ দিনের র্‌যাপ-আপ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়;
- চট্টগ্রাম- সিলেট লটের Women Call Center Agent ক্যাটাগরীটি রি-টেন্ডার হওয়ায় উক্ত লটে ২য় লেভেলের প্রশিক্ষণ জুলাই/২০১৯ মাসে শেষ হয়েছে এবং এ লটের প্রশিক্ষণ অক্টোবর/২০১৯ শেষ হবে;
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী অনেক প্রশিক্ষার্থী এখন সাবলম্বী হওয়ার জন্য উদ্যোক্তা হিসেবে গড়ে উঠেছে এবং ইতোমধ্যে ৫০১জন উদ্যোক্তা হিসেবে আত্মপ্রকাশ করেছে; এবং
- কর্মসংস্থান হয়েছে ৯১৯জন নারীর।

## ২.২.৩ কর্মসূচির পরিচিতি


নাম	সদ্য বিলুপ্ত ছিটমহলগুলোতে আইসিটি প্রশিক্ষণ কর্মসূচি (ICT Training and Infrastructure Establishment Program in Recently Abolished Enclaves)	
মেয়াদ	জুলাই ২০১৮ - জুন ২০২০	
প্রাক্কলিত ব্যয়	আয়ের উৎস	পরিমাণ
	জিওবি	৳.০৩০৪ কোটি টাকা

### i. লক্ষ্য ও উদ্দেশ্য

- সদ্য বিলুপ্ত ছিটমহলের জনগোষ্ঠীর মাঝে আইসিটিতে সচেতনতা বৃদ্ধি এবং মৌলিক আইসিটির জ্ঞান বিস্তার;
- সদ্য বিলুপ্ত ছিটমহলের তরুণ জনগোষ্ঠীকে হাতে কলমে আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী হতে সহায়তা প্রদান;
- সদ্য বিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আইসিটি শিক্ষার উপযুক্ত অবকাঠামো নির্মাণ; এবং
- সদ্য বিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকার জনগণের মাঝে সরকারি বিভিন্ন ই-সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি।

### ii. উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি

- আইসিটিতে অনভিজ্ঞ এবং আগ্রহী ৯০০ জন তরুণ/তরুণীকে Basic ICT Literacy প্রশিক্ষণ প্রদান;
- আইসিটিতে ন্যূনতম জ্ঞানসম্পন্ন ৩০০ জন তরুণ/তরুণীকে IT Support Technician বিষয়ে দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান;
- সদ্যবিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকার ০৮ শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন;
- সদ্যবিলুপ্ত ছিটমহলভুক্ত এলাকায় ০৪ টি সুবিধাজনক স্থানে ডিজিটাল সেন্টার (আইসিটি রিসোর্স সেন্টার) স্থাপন;



চিত্র-৪: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে ছিটমহল বিনিময়ে মুজিব-ইন্দিরা স্থল সীমান্ত চুক্তির অনুসমর্থনের দলিল বিনিময় (০৬ জুন, ২০১৫ খ্রি.)।



চিত্র-৫: ছিটমহল বিনিময়ের পর ছিটমহলবাসীর ঘরে ঘরে পতাকা উত্তোলন (০১ আগস্ট, ২০১৫ খ্রি.)।

## ২.৩ দক্ষ মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ:

### i. প্রশিক্ষণ (প্রধান কার্যালয়)

প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণার্থীর সংখ্যা
ওরিয়েন্টেশন ও মৌলিক অফিস ব্যবস্থাপনা	৩০ জন
ICT and Wireless communication Trends and Convergence	১৫০ জন
Software development management	৫০ জন
সেবা পদ্ধতি সহজিকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)”	৮০ জন
পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট	৮০ জন
অফিস ব্যবস্থাপনা, SDG এবং সুশাসন	৪০ জন
ই-নথি ব্যবস্থাপনা	৯১২ জন
জাতীয় তথ্য বাতায়ন (ওয়েবপোর্টাল) ব্যবস্থাপনা	৯১২ জন
<b>সর্বমোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</b>	<b>২২৫৪ জন</b>

### ii. দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (জেলা ও উপজেলাসহ) সার-সংক্ষেপ

- প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা ৫৯৬টি (জেলা ও উপজেলাসহ)
- মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর আনুমানিক সংখ্যা ২৫৩৭৪ জন

## ২.৪ পরামর্শ সেবা

মাঠপর্যায়ের সরকারী অফিসসমূহে ১২,০০০ জনকে আইসিটি বিষয়ক পরামর্শ ও সেবা প্রদান করা হয়েছে।

## ২.৫ গুরুত্বপূর্ণ অর্জন ও উন্নয়ন কার্যক্রম

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অনুকূলে পূর্বাচলে ৩বিঘা ২কাটা ৫ ছটাক ৮ বর্গফুট জমিতে প্রাচীর নির্মাণ;
- ই-স্টোর ম্যানেজমেন্ট ও ই-রিকুইজেশন সফটওয়্যারটি ১০০ % (V.01) তৈরি হয়েছে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সফটওয়্যারটি পরীক্ষামূলকভাবে ব্যবহার শুরু করা হয়েছে।
- আইসিটি অধিদপ্তরের লাইব্রেরী ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্ত কার্যক্রম কম্পিউটারাইজড পদ্ধতিতে সম্পন্নকরণ এর লক্ষ্যে লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেম এর (V.01) তৈরি হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সফটওয়্যারটি পরীক্ষামূলকভাবে ব্যবহার শুরু করা হয়েছে।
- ১২ ডিসেম্বর ২০১৮ তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ উপলক্ষে বিআইসিসিতে প্রায় ৩০০জন সরকারি "সোনার বাংলা ও ডিজিটাল বাংলাদেশ" বেসরকারি পর্যায়ের ব্যক্তবর্গের উপস্থিতিতে/সেমিনারের আয়োজন;
- ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ উপলক্ষে বিআইসিসিতে প্রায় ৫০টি মন্ত্রণালয়ের ইনোভেশন সোকেজিং আয়োজন;
- বিআইসিসিতে ১০টি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে রবো-ওয়ার আয়োজন ও পুরস্কার বিতরণ;
- অনলাইন প্ল্যাটফর্মে উন্মুক্ত রচনা প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার প্রদান;
- ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ কেন্দ্রীয় অনুষ্ঠানস্থলে প্রায় ১লক্ষ তরুণ-তরুণী, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন পর্যায়ের দর্শনার্থী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন;
- ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ উপলক্ষে ১০টি স্যাটেলাইট টেলিভিশন বিজ্ঞাপন, টক-শো, থিম সং, টিভিসি, অডিও ভিডুয়াল প্রচার;
- দেশীয় ও আন্তর্জাতিক বাজারে বিজনেস প্রসেস আউটসোর্সিং বা বিপিও খাতের অবস্থানকে তুলে ধরার লক্ষ্যে গত ২১ ও ২২ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে চতুর্থবারের মতো অনুষ্ঠিত হয় 'বিপিও সামিট বাংলাদেশ ২০১৯'।
- জেলা পর্যায়ে প্রাথমিক স্তরের ১৩-৫ম শ্রেণিষ্ঠ) হাজার শিক্ষার্থী এবং মাধ্যমিক স্তরের ১১ প্রায় (-১০ম ১৫ প্রায় ( হাজার শিক্ষার্থী জাতীয় শিকরেন। কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণ-
- বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের উপর অগমেন্টেড রিয়ালিটি এ্যাপলিকেশন তৈরি করা হয়।

## ২.৬ পরিকল্পনাধীন উন্নয়ন প্রকল্প

- বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত প্রকল্প
  - ১) "ডিজিটাল সংযোগ স্থাপন" প্রকল্প
  - ২) পাঠ্য বইয়ের ডিজিটাল রূপান্তর:
  - ৩) তরুণদের জন্য ডিজিটাল সুযোগ তৈরী:
- নতুন প্রস্তাবিত প্রকল্প
  - ১) ডিজিটাল আইল্যান্ড;
  - ২) Establishment of Japan Bangladesh SET Centers; এবং
  - ৩) Accelerating Digital Content Industry

## ২.৭ ই-ফাইলিং বাস্তবায়ন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের দাপ্তরিক ও প্রশাসনিক সকল কার্যক্রম ই-ফাইলিং সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করা হয়।

## ২.৮ বিভিন্ন গুরুত্বপূর্ণ ইভেন্ট ও প্রতিযোগিতা

### (ক) ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা ২০১৮


গত ৪-৬ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে মোট ০৩ (তিন) দিনব্যাপী ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নেতৃত্বে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে ও মাঠপর্যায়ে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। প্রতিটি জেলায় কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা মতে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প তথা শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্পের অধীনে লক্ষ্মীপুর সদর উপজেলার ১৭টি শেখ রাসেল ডিজিটাল হতে আগত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, আইসিটি শিক্ষক, ছাত্র-ছাত্রী ও আইসিটি ক্লাবের সদস্যদের অংশগ্রহণে মেলার ৩য় দিন ০৬/১০/২০১৮ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ডিজিটাল সমাবেশ অনুষ্ঠিত হয়।



চিত্র ৬: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্টল পরিদর্শন

#### (খ) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮

টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি'র সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠা, তথ্যপ্রযুক্তি খাতে অর্জন, SDG ও জিডিপি প্রবৃদ্ধিতে এ খাতের অবদান এবং বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে দিবসটির গুরুত্ব জনগণের মাঝে তুলে ধরার নিমিত্ত দেশব্যাপী দিবসটি পালন করা হয়। “ডিজিটাল বাংলাদেশ হবে, বঙ্গবন্ধুর সোনার বাংলা” প্রতিপাদ্য নিয়ে গত ১২ ডিসেম্বর ২০১৮ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মূল আয়োজনে বাস্তবায়নকারী



চিত্র-৭: ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮

সংস্থা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর উদ্যোগে দেশব্যাপী ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ পালিত হয়। উক্ত দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানটি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র ত হয়। অনুষ্ঠানটির শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত। প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মন্ত্রী বলেন ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করছে যুব সমাজ। তাদের সফল উদ্যোগ দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। এর উল্লেখযোগ্য তথ্য নিম্নরূপ:

- ✓ বিআইসিসিতে প্রায় ৩০০জন সরকারিসোনার বাংলা ও ডিজিটাল ” বেসরকারি পর্যায়ের ব্যক্তবর্গের উপস্থিতিতে/ “বাংলাদেশসেমিনারের আয়োজন;
- ✓ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ উপলক্ষে বিআইসিসিতে প্রায় ৫০টি মন্ত্রণালয়ের ইনোভেশন সোকেজিং আয়োজন;
- ✓ বিআইসিসিতে ১০টি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে রবো-ওয়ার আয়োজন ও পুরস্কার বিতরণ;
- ✓ অনলাইন প্ল্যাটফরমে উন্মুক্ত রচনা প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার প্রদান;
- ✓ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ কেন্দ্রীয় অনুষ্ঠানস্থলে প্রায় ১লক্ষ তরুণ-তরুণী, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন পর্যায়ের দর্শনার্থী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন;
- ✓ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮ উপলক্ষে ১০টি স্যাটেলাইট টেলিভিশন বিজ্ঞাপন, টক-শো, থিম সং, টিভিসি, অডিও ভিডুয়াল প্রচার;

#### (গ) বিপিও সামিট বাংলাদেশ ২০১৯

দেশীয় ও আন্তর্জাতিক বাজারে বিজনেস প্রসেস আউটসোর্সিং বা বিপিও খাতের অবস্থানকে তুলে ধরার লক্ষ্যে গত ২১ ও ২২ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে চতুর্থবারের মতো অনুষ্ঠিত হয় ‘বিপিও সামিট বাংলাদেশ ২০১৯’। মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা সামিটের শুভ উদ্বোধন করেন। এছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সংসদ



চিত্র-৮: বিপিও সামিট বাংলাদেশ ২০১৯

সদস্যবৃন্দ, বিদেশী অতিথি, কী নোট স্পীকার, দেশীয় বক্তা, সরকারি ও বেসরকারি পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, স্টেক হোল্ডারগণ, শিক্ষার্থীবৃন্দ এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ উদ্বোধনী, সেমিনার, কর্মশালা ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন এবং বিভিন্ন সেশনে অংশগ্রহণ করবেন। বিপিও সামিট ২০১৯-এর মূল বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ:

- ২০১১-২০১৯ পর্যন্ত বিপিওতে বাংলাদেশের অগ্রগতি প্রদর্শন করা;
- প্রতিপাদ্য বিষয়: #TransformingServicesToDigital;
- ফোকাস পয়েন্ট: "Enhancing local market, lights-on Banks & Financial services at BPO sector";
- বিভাগীয় পর্যায়ে প্রাক-বিপিও সামিটে আলোচনার কি-পয়েন্ট: Local level BPO and Youth Engagement;
- ১৩০ জন দেশি বক্তা (আইসিটি বিষয়ক) এবং ১৬ জন বিদেশি বক্তা অংশগ্রহণ করেন;
- ১০ টি সেমিনার, ০২টি রাউন্ড টেবিল আলোচনা, ০১টি ডায়ালগ ও ০২ টি ইয়থ সেশন অনুষ্ঠিত হয়;
- ৩৫০০০+ ত্রিশ হাজারেরও বেশি দর্শনার্থী (আগ্রহী ছাত্র-ছাত্রী, উদ্যোক্তা, ফ্রীল্যান্সার ও বিপিও কর্মী) অংশগ্রহণ করেন;
- প্রায় ২৫০০০+ জীবনবৃত্তান্ত এবং আনুমানিক ১৫০০ জনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়;
- দেশের সকল সংবাদপত্র ও টিভি চ্যানেলে এ সামিটের খবর প্রচার করা হয়;
- ১০ টিরও বেশী টিভি চ্যানেলে বিপিও সামিট সংক্রান্ত টকশো ও সাক্ষাৎকার প্রচারিত হয়;
- অনলাইন সংবাদপত্রে ও ব্লগসমূহে বিপিও সামিটের কার্যক্রমসমূহ ব্যাপকভাবে প্রচারিত হয়;
- ৫০টির বেশি দেশে প্রায় ৫০০০০+ বিপিও'র ওয়েবসাইট হিট পাওয়া যায়;
- ৭ মিলিয়ন Social Media Reach করে; এবং
- ২৪ টি ক্যাম্পাস এক্টিভিশন প্রোগ্রাম করা হয়;

#### (ঘ) জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৯

দেশের বিপুল জনসংখ্যাকে সম্পদে পরিণত করার পরিকল্পনায় ও ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় ছাত্র-ছাত্রীর তথ্যপ্রযুক্তি খাতে অংশগ্রহণ বৃদ্ধিকরণ ও আগ্রহীকরণের লক্ষ্যে প্রতিবছর জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা আয়োজন করা হয়। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ভবিষ্যৎ প্রজন্মকে তথ্য প্রযুক্তিতে আরো দক্ষ করে গড়ে তুলতে 'অবাক হচ্ছে বিশ্ব এবার, বাংলার শিশুরা প্রোগ্রামার' শিরোনামে প্রতিবারের মতো আয়োজন করা হয় জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৯। এবারে স্ক্যাচ ও পাইথন ভাষার উপর প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গত ২২-২৩ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে প্রশিক্ষকদের প্রশিক্ষণের মধ্য দিয়ে শুরু হয় এই প্রতিযোগিতা। পরবর্তীতে জেলা ও জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এবারে প্রতিযোগিতায় সারাদেশের প্রায় ২৬০০০ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। বিস্তারিত নিম্নরূপ:



চিত্র-৯: জাতীয় পর্যায়ে স্ক্যাচ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী, ২০১৯

ক্রম	পর্যায়	প্রতিযোগিতার বিষয়	শ্রেণি	প্রশিক্ষণের তারিখ	প্রতিযোগিতার তারিখ	ভেন্যু	অংশগ্রহণকারী
১।	জেলা পর্যায়/ জেলা ক্যাম্প	স্ক্যাচ প্রোগ্রামিং (দলভিত্তিক)	১ম-৫ম	১৫ ও ১৬ জুন, ২০১৯	১৭ জুন, ২০১৯	সারাদেশে নির্বাচিত ২০০টি ল্যাবসমূহ	৩৬৬০টি দল; প্রায় ১১০০০ শিক্ষার্থী
		পাইথন প্রোগ্রামিং (এককভাবে)	জুনিয়র- ৬ষ্ঠ-৮ম সিনিয়র- ৯ম-১০ম	১৮ ও ১৯ জুন, ২০১৯	২০ জুন, ২০১৯		১৫০০০ শিক্ষার্থী
২।	জাতীয় পর্যায়/ জাতীয় ক্যাম্প	স্ক্যাচ প্রোগ্রামিং	১ম-৫ম	১০ জুলাই, ২০১৯	১১ জুলাই, ২০১৯	শেখ হাসিনা জাতীয় যুব	৬৪টি দল;
		পাইথন প্রোগ্রামিং	জুনিয়র- ৬ষ্ঠ-৮ম সিনিয়র- ৯ম-১০ম	১৩ জুলাই, ২০১৯	১৪ জুলাই, ২০১৯	উন্নয়ন ইন্সটিটিউট, সাতার, ঢাকা	১২৮ শিক্ষার্থী (জুনিয়র- ৬৪ এবং সিনিয়র-৬৪)



চিত্র-১০: জাতীয় ক্যাম্প- স্ক্যাচ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট, সাভার, ঢাকা



চিত্র-১১: জাতীয় ক্যাম্প- পাইথন প্রোগ্রামিং, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট, সাভার, ঢাকা

### (৬) জাতীয় শিশু দিবস ২০১৯

ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে protable Movie theater স্থাপন করে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ও অন্যান্য প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয় এবং বঙ্গবন্ধুর জীবনপঞ্জি ও ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ-এর উপর Augmented Reality app তৈরী করা হয়েছে।



চিত্র-১২: মাননীয় প্রধানমন্ত্রী পরিদর্শনকালে



চিত্র-১৩: বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অগমেটেড রিয়ালিটি প্রদর্শন

## ২.৯ পুরস্কার/সম্মাননা

### ■ জনপ্রশাসন পদক-২০১৮:

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর পরিচালক (উপ-সচিব) জনাব মোহাম্মদ লুৎফর রহমান জেলা পর্যায় সাধারণ (দলগত) এবং জাতীয় পর্যায় কারিগরি (দলগত) ক্যাটাগরিতে জনপ্রশাসন পদক-২০১৮ এর পদক গ্রহণ করেন।
- জাতীয় পর্যায়ে সাধারণ ক্ষেত্রে বাল্যবিবাহ ও যৌন হয়রানি প্রতিরোধে অবদান রাখায় দলগত শ্রেণীতে মাননীয় প্রধানমন্ত্রীর হাত থেকে জনপ্রশাসন পদক ২০১৮ গ্রহণ করছেন ময়মনসিংহের ত্রিশাল উপজেলার আইসিটি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার জনাব মুহাম্মদ মনিরুল ইসলাম।



চিত্র-১৪: জনপ্রশাসন পদক-২০১৮



চিত্র-১৫: জনপ্রশাসন পদক-২০১৮